**রেজিস্টার্ড নং ডি এ-১**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**রবিবার, সেপ্টেম্বর ৩০, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**বিশেষ আদেশ**

তারিখ : ০৫ সেপ্টেম্বর ২০১৮ খ্রিঃ

**বিষয় : পাট ও পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে প্রত্যর্পণ প্রদান সম্পর্কিত বিদ্যমান সমস্যা নিরসনের সময় বৃদ্ধি।**

**নং ১২/মূসক/২০১৮/৩০**—কাস্টম হাউস ও স্থল কাস্টমস স্টেশনসমূহের মাধ্যমে পাট ও পাটজাত পণ্য রপ্তানির ক্ষেত্রে রপ্তানি চালানের বিল অব এক্সপোর্ট এর পেছনে কায়িক পরীক্ষার প্রতিবেদন না থাকার কারণে প্রত্যর্পণ প্রদানে সৃষ্ট জটিলতা নিরসন আবশ্যক। পাট ও পাটজাত পণ্য বিশেষ হাইড্রলিক মেশিন দ্বারা চাপ প্রয়োগের মাধ্যমে মোড়কজাত করা হয়। উক্ত পণ্যসমূহ রপ্তানির সময় কায়িক পরীক্ষা সম্পন্ন করার জন্য মোড়ক খোলা হলে তা পুনরায় মোড়কজাত করায় প্রয়োজনীয় যন্ত্রপাতি বাংলাদেশের কোন কাস্টমস স্টেশনে না থাকায় পুনরায় মোড়কজাত করা সম্ভব হয় না। এ কারণে প্রকৃতপক্ষে এই সকল পণ্য রপ্তানিকালে পণ্যের পরিদর্শন হলেও বাস্তবিক কোন কায়িক পরীক্ষা সম্পন্ন হয় না বরং কায়িক পরীক্ষার দায়িত্বে নিয়োজিত কাস্টমস কর্মকর্তাগণ পণ্য পরীক্ষান্তে ট্রাকে পাটের বেল গণনা করে রপ্তানির অনুমোদন দেন।

২। রপ্তানি আয়ে উৎসাহ প্রদান অব্যাহত রাখার লক্ষ্যে সর্বোপরি জাতীয় স্বার্থ সংরক্ষণের নিমিত্তে পাট ও পাটজাত পণ্যের ক্ষেত্রে কায়িক পরীক্ষা প্রতিবেদন ব্যতিরেকে বৈদেশিক মুদ্রা প্রাপ্তি সংক্রান্ত পিআরসি, ইএক্সপি ও অন্যান্য দলিলাদির মাধ্যমে রপ্তানি সম্পর্কে নিশ্চিত হয়ে প্রত্যর্পণ প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ড হতে আদেশ নং ৪৩/মূসক/২০১৩, তাং ২৯-০৯-২০১৩ খ্রিঃ জারি করা হয়। পরবর্তীতে বিশেষ আদেশ নং ১৫/মূসক/২০১৭-৬০, তাং ২৭-০৯-২০১৭ খ্রিঃ এর মাধ্যমে মাননীয় অর্থমন্ত্রীর অনুমোদনক্রমে এ আদেশের মেয়াদ ৩০-০৬-২০১৮ খ্রিঃ পর্যন্ত বৃদ্ধি করা হয়।



**মূল্য :** টাকা ৪.০০

৩। রপ্তানি আয়ে উৎসাহ প্রদান অব্যাহত রাখার লক্ষ্যে পাট ও পাটজাত পণ্যের ক্ষেত্রে কায়িক পরীক্ষা প্রতিবেদন ব্যতিরেকে বৈদেশিক মুদ্রা প্রাপ্তি সংক্রান্ত পিআরসি, ইএক্সপি ও অন্যান্য দলিলাদির মাধ্যমে রপ্তানি সম্পর্কে নিশ্চিত হয়ে প্রত্যর্পণ প্রদানের জন্য এর মেয়াদ পুনরায় ৩০-০৬-২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বৃদ্ধি করতে জাতীয় রাজস্ব বোর্ড সম্মতি প্রদান করল।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ লুৎফুল কবির**
দ্বিতীয় সচিব (মূসক রপ্তানি, প্রত্যর্পণ ও বকেয়া ব্যবস্থাপনা)।

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd